MAY 09 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ৪ কলাম ৫...

# শিক্ষাপ্রতিষ্ঠানের সময়সূচী

শুধু সিলেবাস পাল্টালে, বই পরিবর্তন করলে এমনকি পরীক্ষা পদ্ধতির পরিবর্তনেও মানসম্পন্ন শিক্ষা অর্জন সম্ভব হবে না। শিক্ষাদানের ক্ষেত্রে আমাদের মূল সমস্যা চিহ্নিত করে তা সমাধানেরও উপায় বের করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত বলে আমাদের শিক্ষাঙ্গনের মূল সমস্যাগুলো অনুধাবন করতে পারি। অনেক সমস্যার মধ্যে সকাল-বিকাল ক্লাস চালু থাকা একটা প্রধান সমস্যা। সাধারণত সকাল দশটা থেকে বিকেল চারটে পর্যন্ত সামান্য বিরতি রেখে একটানা ক্লাস চলে স্কুল-কলেজ-মাদ্রাসায়। একজন শিক্ষক কিছুতেই চারটে ক্লাসের বেশী নিতে পারেন না। কিন্তু বাস্তবতার কারণে কেউ কেউ প্রতিদিন ছয়টি থেকে আটটা ক্লাস নিয়ে থাকেন। সত্যি কথা বলতে কি দুপুরের পর যে ক্লাস চালু থাকে তা নামমাত্র। কোন লেখাপড়া হয় না। ছাত্র-ছাত্রীরাও দুপুরের পর খালি পেটে ক্লাসে মনোযোগ দিতে পারে না। তাই শিক্ষা প্রতিষ্ঠানকে সরকারী অফিস না বানিয়ে শিক্ষাঙ্গন করা হোক। প্রতিদিন নয়টা থেকে একটা পর্যন্ত ক্লাস চালুর বিধান করা হোক। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

হারুনুর রশিদ আরজু,
ছাগলনাইয়া, ফেনী।